গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭১২.০১০.৭১.০০২.২৪- ৫৫(১০০)

তারিখ: ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারি ২০২৪

''হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি''

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বীরগঞ্জ উপজেলার অর্ন্তগত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) সনা মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিগণের নিকট হইতে অত্রাফিসের নির্ধারিত ফরমে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

| ক্রঃ নং | হাটের নাম | যে ইউনিয়নে অবস্থিত | সরকারী মূল্য (টাকা) | সিডিউল মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | বারোলিয়া হাট | শিবরামপুর | ২৫,৪৭০/- | ৫০০/- |
| ২ | রথবাজার হাট | শিবরামপুর | ৩৪,২৮৪/- | ৫০০/- |
| ৩ | মদাতী হাট | পলাশবাড়ী | ৫,০৭৫/- | ৫০০/- |
| ৪ | ভবানীপুর ডাঙ্গার হাট | পলাশবাড়ী | ৩৬,৮৫৩/- | ৫০০/- |
| ৫ | বাহাদুর বাজার হাট | পলাশবাড়ী | ৪৩১৯৬/- | ৫০০/- |
| ৬ | পলাশবাড়ী স্কুল হাট | পলাশবাড়ী | ১,৯১৫/- | ৫০০/- |
| ৭ | ঝাড়বাড়ী হাট | শতগ্রাম | ৬,৩৬,১৭৭/- | ২,০০০/- |
| ৮ | ঝাড়বাড়ী দৈনিক বাজার | শতগ্রাম | ৮২,৭৮৬/- | ৫০০/- |
| ৯ | করিমপুর পুলহাট | শতগ্রাম | ১৯,৩৭৯/- | ৫০০/- |
| ১০ | অর্জুনাহার হাট | শতগ্রাম | ১৫,৪৮৭/- | ৫০০/- |
| ১১ | সনকা হাট | পাল্টাপুর | ৭৫,২৪২/- | ৫০০/- |
| ১২ | বুড়ির হাট | পাল্টাপুর | ৫,০৮৫/- | ৫০০/- |
| ১৩ | কুড়িটাকিয়া হাট | পাল্টাপুর | ৯২৪/- | ৫০০/- |
| ১৪ | জগদল হাট | সুজালপুর | ৪৮,৩০২/- | ৫০০/ |
| ১৫ | কল্যাণী হাট | নিজপাড়া | ৪২,৩৭৯/- | ৫০০/- |
| ১৬ | খলসী হাট | নিজপাড়া | ১,৮৬৪/- | ৫০০/- |
| ১৭ | হাবলু হাট | নিজপাড়া | ১৮,৭৮৪/- | ৫০০/- |
| ১৮ | মাহানপুর হাট | মোহাম্মদপুর | ৭৯,৪৬৫/- | ৫০০/- |
| ১৯ | কবিরাজ হাট ও বাজার | ভোগনগর | ২,২০,৩৯২/- | ১২০০/- |
| ২০ | চকমোহনপুর হাট | ভোগনগর | ১৬,২৩৬/- | ৫০০/- |
| ২১ | বটতলী হাট | সাতোর | ৩৮,৮২৭/- | ৫০০/- |
| ২২ | দলুয়া হাট | সাতোর | ৬,০১০/- | ৫০০/- |
| ২৩ | জিন্দাপীর হাট | সাতোর | ২,৪৪২/- | ৫০০/- |
| ২৪ | ২৫ মাইল হাট | সাতোর | ২,৯২৭/- | ৫০০/- |
| ২৫ | লাটের হাট | মোহনপুর | ৫৩,৯৬১/- | ৫০০/- |
| ২৬ | চৌধুরী হাট | মোহনপুর | ১৬,৬৯৩/- | ৫০০/- |
| ২৭ | ভুল্লীর হাট | মোহনপুর | ৭,৯২৯/- | ৫০০/- |
| ২৮ | বালাডাঙ্গী হাট | মোহনপুর | ৯৬১/- | ৫০০/- |
| ২৯ | সাহেবগঞ্জ হাট | মোহনপুর | ৯৬১/- | ৫০০/- |
| ৩০ | গোলাপগঞ্জ হাট ও বাজার | মরিচা ও নিজপাড়া | ১,৩৭,৯৮,৭২৭/- | ২৮,২০০/- |
| ৩১ | বুড়াবারোলিয়া হাট | মরিচা | ৩০,৪৭২/- | ৫০০/- |
| ৩২ | নাগরি সাগরি হাট | মরিচা | ৩৬,৮২৭/- | ৫০০/- |
| ৩৩ | চৌদ্দহাত কালীর হাট | মরিচা | ২,০৫৩/- | ৫০০/- |
| ৩৪ | খোলাকুটি হাট | মরিচা | ৪,১৫২/- | ৫০০/- |

সময়সূচি :

| | | |
|---|---|---|
| ১ম পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ১৫/০১/২০২৪ হতে ২৯/০১/২০২৪ পর্যন্ত |
| | দরপত্র দাখিলের তারিখ | ৩০/০১/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ৩০/০১/২০২৪ বেলা ৩.৩০ ঘটিকায় |
| | | |
| ২য়পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ০৪/০২/২০২৪ হতে ১৮/০২/২০২৪ পর্যন্ত |
| | দরপত্র দাখিলের তারিখ | ১৯/০২/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ১৯/০২/২০২৪ বেলা ৩.৩০ ঘটিকায় |
| | | |
| ৩য় পর্যায় | দরপত্র বিক্রির তারিখ | ২৭/০২/২০২৪ হতে ১২/০৩/২০২৪ পর্যন্ত |
| | দরপত্র দাখিলের তারিখ | ১৩/০৩/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |
| | দরপত্র বাক্স খোলার তারিখ | ১৩/০৩/২০২৪ বেলা ৩.৩০ ঘটিকায় |
| | | |

শর্তাবলী:

১। দরপত্র ফরমসমূহ বর্ণিত সময়সূচি মোতাবেক অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর স্থানীয় সরকার শাখা; উপজেলা ভূমি অফিস, বীরগঞ্জ; বীরগঞ্জ থানা; সোনালী ব্যাংক, বীরগঞ্জ শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং ধার্য তারিখে নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর; পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর; উপজেলা ভূমি অফিস, বীরগঞ্জ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জামানত বাজেয়াপ্ত হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র কার্যক্রম গ্রহণ করা হইবে। প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৫। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন। ইজারাদার নিজ খরচে একটি রেজিস্ট্রার সংরক্ষণ করিবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৬। কোন বিশেষ কারণে যদি দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হয়, তাহা হইলে দরপত্র আহবানকারী কর্মকর্তা ব্যাপক প্রচারের পদক্ষেপ গ্রহণপূর্বক লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করিতে পারিবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০২/২৪

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭১২.০১০.৭১.০০২.২৪- ৫৫ (১০০)

তারিখ: ২৬ পৌষ ১৪৩০
১০ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। পুলিশ সুপার, দিনাজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৮। মেয়র, বীরগঞ্জ পৌরসভা, বীরগঞ্জ, দিনাজপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার ..........................................(সকল), দিনাজপুর।
১০। সহকারী কমিশনার (ভূমি), বীরগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল
১১। অফিসার ইনচার্জ, বীরগঞ্জ থানা, বীরগঞ্জ, দিনাজপুর।
১২। চেয়ারম্যান/সচিব ........................................(সকল) ইউ,পি, বীরগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পোর্টালে প্রকাশ এবং তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যংক, বীরগঞ্জ শাখা, বীরগঞ্জ, দিনাজপুর।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................................... (সকল), ইউনিয়ন ভূমি অফিস, বীরগঞ্জ, দিনাজপুর। তাকে তার এলাকায় স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থাসহ ধার্য্য তারিখের পূর্বে সার্ভিস রিটার্ন ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হ'ল।
১৫। জনাব .............................................................. ইজারাদার, .............................................হাট, পিতা............................................... গ্রাম....................................... বীরগঞ্জ, দিনাজপুর।
১৬। অফিস নথি

১০/০১/২৪

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd